ভাষা এবং সাক্ষরতা

TESS India

একটা ভাষা-সমৃদ্ধ শ্রেণিকক্ষ

A language-rich classroom



ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সং করণ 1.0 LL02v1

West Bengal

তৃতীয় ক্ষের উ । । গুলি বা অ র্থায় বর্ণতি । হলে এই সাম রীণট একণট ি রয়েণটভ কম স অ্যাট্রিবিউশ - রশয়ারঅ্যালাইক লাইসেন্সের অ ীে উ লব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটে আপনি স্কুলের পরিবেশে স্বাভাবিক কথাবার্তা ও লেখার বিভিন্ন ধরনের সাথে আপনার শিক্ষার্থীদের সংযুক্তি বাড়ানোর জন্য একটা কল্পনাপ্রবণ, ভাষা-সমৃদ্ধ শ্রেণিকক্ষ সৃষ্টির সহজ অথচ কার্যকর পদ্ধতিগুলো অনুসন্ধান করবেন।

স্কুলের বাইরের কথ্য ও লিখিত সম্পদ, আপনার ক্লাসঘরের দেওয়ালে পাঠ্য ব্যবহারের ধারণা, এবং শিক্ষার্থীদের উপভোগের জন্য পাঠের স্থান তৈরি করতে ব্যবহারিক, সাশ্রয়কর পরামর্শ আপনার শিক্ষার্থীদের কাছে প্রকাশ করার পদ্ধতির সাথে আপনাকে পরিচিত করা হবে।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ক্লাসঘরের জন্য কীভাবে আকর্ষণীয় লেখা-ভিত্তিক দেওয়াল প্রদর্শনী তৈরি করতে হয়।
- কীভাবে আপনার শিক্ষার্থীদের জন্য পড়ার স্থান স্থাপন করতে হয়।
- ক্লাসঘরে কথ্যভাষার উৎস হিসাবে কীভাবে রেডিও ব্যবহার করতে হয়।

কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

প্রথাগত ক্লাসঘরে, শিক্ষক হলেন কথ্য ভাষার প্রধান উৎস এবং পাঠ্যবই হল লিখিত ভাষার প্রধান উৎস। সময়ের অভাব ও সীমিত সম্পদসমূহ বিকল্প দিয়ে এগুলোকে প্রতিস্থাপিত করাকে নিরুৎসাহিত করতে পারে।

স্বাভাবিক কথাবার্তা ও লেখার বিভিন্ন উৎসের সঙ্গে পরিচিত হওয়া ও এতে অংশগ্রহণ থেকে শিক্ষার্থীদের ভাষা এবং সাক্ষরতা উন্নয়ন দারুণ উপকৃত হয়। কথ্য ও লিখিত ভাববিনিময়ের বিভিন্ন অর্থপূর্ণ উদাহরণ দিয়ে আপনার শিক্ষার্থীদের সমৃদ্ধ করার মাধ্যমে আপনি বিভিন্ন বিষয় সম্পর্কে তাদের বোধ এবং বাক্যংশ ও শব্দ তৈরির সামর্থ্য বাড়ানোর সঙ্গে তাদের কল্পনাশক্তিকে উদ্দীপিত করতে পারেন। যদি আপনি ক্লাসঘরের মধ্যে আপনার শিক্ষার্থীদের বাড়ির ভাষার উদাহরণ নিয়ে আসেন, আপনি দেখাতে পারবেন যে তাদের অতিরিক্ত ভাষাগত সম্পদগুলো মূল্যবান এবং তারা যে বিভিন্ন সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে জড়িত সহপাঠীদের তার কদর করার সুযোগ দেওয়া হয়। একটি ভাষা সমৃদ্ধ শ্রেণিকক্ষ সৃষ্টি করা এইভাবে আপনার সমস্ত শিক্ষার্থীদের শেখার ওপর ইতিবাচক প্রভাব সৃষ্টি করে।

এই ইউনিট কয়েকটি উপায় সুপারিশ করে যার মাধ্যমে আপনি আপনার শ্রেণিকক্ষকে আরও বেশি ভাষা-সমৃদ্ধ করে তুলতে পারেন।

1 স্থানীয় পরিবেশে লেখার উদাহরণ

স্কুলে যাওয়ার যথেষ্ট আগেই শিশুরা বেশ কিছু লিখিত ভাষার সাথে পরিচিত হয় – উদাহরণস্বরূপ যানবাহন, দোকানের সাইনবোর্ড, রাস্তার দিকনির্দেশ, খাবারের প্যাকেটের লেবেল, বিজ্ঞাপন, পোস্টার, ব্র্যান্ডের নাম, রাজনৈতিক স্লোগান ও দেওয়াল চিত্র, এবং লিফলেট, বই খবরের কাগজ ও পত্রপত্রিকায়। ক্লাসঘরে পড়া ও আলোচনার সহজ কার্যকলাপের ভিত্তি হিসেবে স্থানীয় পরিবেশে পরিচিত রূপের লেখার উদাহরণ সংগ্রহ করা নিচের কার্যকলাপের অন্তর্ভুক্ত। বিশেষ করে ছোটো শিক্ষার্থীদের পক্ষে এটা উপযুক্ত।

চিত্র 1 রাস্তাটা পরিবেশ সম্পর্কিত মুদ্রণের সর্বব্যাপিতা দেখাচ্ছে

অ্যাক্টিভিটি 1: আপনার ক্লাসঘরে পরিবেশ সম্পর্কিত লেখা ব্যবহার করা

আপনার স্থানীয় পরিবেশে একটা লেখার তালিকা তৈরি করুন যার সাথে আপনার শিক্ষার্থীরা পরিচিত হতে পারে বা আগ্রহজনক মনে করতে পারে। বাড়ি, আপনার কাজে যাওয়ার যাত্রাপথ ও স্কুলের মাঠের মধ্যে উদাহরণগুলোর ওপর নজর দিন। কাগজের টুকরোয় বড় অক্ষরে আপনার সংগৃহীত শব্দ বা বাক্যাংশ লিখুন এবং ভাঁজ করুন।

আপনি যা সংগ্রহ করেছেন তা আপনার শিক্ষার্থীদের ব্যাখ্যা করার মাধ্যমে শুরু করুন। তাদের জুটিবদ্ধ করুন ও টুকরোগুলো বিতরণ করুন। আপনি জুটিগুলোকে একটা পাত্র থেকে যে কোনো একটা উঠিয়ে এলোপাতাড়িভাবে এটা করতে পারেন, অথবা আপনার শিক্ষার্থীদের ক্ষমতা অনুযায়ী তাদের মধ্যে টুকরোগুলো ভাগ করে দিয়ে নির্বাচিতভাবে তা করতে পারেন।

জুটিদের টুকরোগুলোর ভাঁজ খুলতে বলুন আর উপরে তুলে ধরতে বলুন যাতে তাদের সহপাঠীরা এটা পড়তে পারে এবং জোরে পড়তে পারে এতে কি লেখা আছে। প্রতিটি ক্ষেত্রে, কোথায় লেখা পাওয়া যেতে পারে সেই সম্পর্কে একটা সংক্ষিপ্ত আলোচনা করার আহ্বান জানান। কিছু শব্দ বা অভিব্যক্তির একটা ব্যাখ্যা বা আপনার কাছ থেকে আরও ইনপুট প্রয়োজন হতে পারে।

আপনার শিক্ষার্থীদের প্রত্যেককে একটা ফাঁকা কাগজের টুকরো দিন এবং স্কুল থেকে বাড়ি যাওয়ার পথে, বাড়িতে বা পরবর্তী সপ্তাহে তাদের পাড়ায় নতুন শব্দ বা বাক্যাংশ খুঁজতে বলুন। একটা অনুরূপ জুটিবদ্ধ কার্যকলাপের জন্য এটা ব্যবহার করুন বা অন্যান্য শিক্ষার্থীদের পড়া ও এই সম্পর্কে কথা বলার জন্য দেওয়ালে সেগুলো প্রদর্শিত করুন।

আপনার শিক্ষার্থীদের তাদের বাড়ি বা গ্রামে খুঁজে পাওয়া যেকোন মুদ্রিত উপাদান ক্লাসে আনতে বলুন যা এখন আর ব্যবহার করা হচ্ছে না এবং এটা দিয়ে একটা দেওয়াল প্রদর্শনী তৈরি করুন।

যদি আপনার কোন ক্যামেরা বা প্রিন্টার ব্যবহারের সুযোগ থাকে, আপনি পরিবেশ সম্পর্কিত লেখার উদাহরণগুলোর কাছ থেকে নেওয়া ফটো তুলতে পারেন এবং বিতরণ করা বা প্রদর্শনের জন্য কিছু কপি প্রিন্ট করতে পারেন।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি আপনার শিক্ষার্থীদের মূল্যায়ন করতে এই অ্যাক্টিভিটি ব্যবহার করতে পারেন?
- উন্নত পর্যায়ে অগ্রসর হওয়া শিক্ষার্থীদের জন্য আপনি কীভাবে এই অ্যাক্টিভিটিটিকে উপযোগী করে তুলতে পারেন?

2 ক্লাসঘরের মধ্যে লেখার উদাহরণ

ক্লাসঘরে আপনার শিক্ষার্থীদের পড়ার জন্য লেখার অনেক উদাহরণ থাকতে পারে। এইধরনের লেখা ব্ল্যাকবোর্ড, নানা চিহ্ন ও নোটিশ, চার্ট, পোস্টার ও লেবেলের উপর থাকতে পারে এবং আপনার শিক্ষার্থীদের কাজে প্রদর্শিত হতে পারে।

কেস স্টাডি 1: ক্লাসঘরে লেখা থেকে শিক্ষালাভ করা

শ্রী অরূপ আশ হলেন হুগলীর ক্লাস I-এর শিক্ষক, তিনি তাঁর শিক্ষার্থীদের জন্য একটা লেখা-সমৃদ্ধ শ্রেণিকক্ষ তৈরির পদ্ধতি সকলের সাথে ভাগ করে নেন।

আমি জানি যে আমার অল্পবয়স্ক শিক্ষার্থীদের ক্লাসঘরে শুনতে ও কথা বলার অনেক সুযোগ দিতে হতে পারে। যদিও তাদের মধ্যে অধিকাংশ এখনও পড়তে ও লিখতে পারে না, তবে লিখিত বা ছাপানো পাঠ্যের বিভিন্ন উদাহরণ তাদেরকে দেখানোর গুরুত্ব আমি উপলব্ধি করি।

আমার রঙিন পোস্টারের কিছু সংগ্রহ আছে, যেমন অ্যালফাবেট (বর্ণমালা) এবং শব্দের চার্ট। আমি এগুলো দেওয়ালে শিশুদের চোখের উচ্চতায় রাখি।

আমি প্রতিটি শিক্ষার্থীদের জন্য নামের লেবেল তৈরি করি, যা আমি তাদের চিত্রিত করতে বলি। আমি তারপরে দেওয়ালের হুকের পাশে এগুলো আটকে দিই, যেখানে তারা তাদের ছাতা, ব্যাগ রাখে। আমার কাছে কতকগুলো ভাঁজ করা কার্ডবোর্ডের নামের কার্ডও রয়েছে, যা আমিনির্দিষ্ট কার্যকলাপের জন্য শিক্ষার্থীদের যেখানে জুটিতে বা ছোট গ্রুপে বসাতে চাই সেখানে রাখি। এই লেবেলগুলো আমার শিক্ষার্থীদের লিখিতভাবে তাদের নাম, সেইসাথে তাদের সহপাঠীদেরও চিনতে পারার জন্য সাহায্য করতে প্রয়োজনীয়।

রঙিন কাগজ ব্যবহার করে, আমি ক্লাসঘরের বিভিন্ন বৈশিষ্ট্যের লেবেলও তৈরি করেছি। এর মধ্যে এই শব্দগুলো আছে যেমন 'দরজা', 'জানলা', 'ব্ল্যাকবোর্ড', 'কাবার্ড', 'টেবিল', 'চেয়ার', 'ডেস্ক' এবং 'ঘড়ি'।

আমি আমার শিক্ষার্থীদেরকে প্রতিটি জিনিসে সঠিক লেবেল লাগানোর জন্য আমাকে সাহায্য করতে বললাম। প্রথমে আমি অক্ষর ও মাত্রা খেয়াল রেখে জোরে শব্দটি পড়ি। তারপরে আমার শিক্ষার্থীরা আমাকে নির্দেশ করে লেবেলটি কোথায় থাকবে। কখনো কখনো আমার শিক্ষার্থীরা ক্লাসঘরের অন্য একটি জিনিসে লেবেল লাগানোর প্রস্তাব দেয়। এসব ক্ষেত্রে আমি তাদের পরামর্শ মত লেখা অক্ষরের নামগুলো বলি।

ক্লাসঘরের একটা অংশে আমি একটা শব্দের দেওয়াল তৈরি করেছি। আমার শিক্ষার্থীরা পুরো সপ্তাহ ধরে যে নতুন শব্দগুলোর সম্মুখীন হয়েছে, আমি সেগুলো এইখানে পোস্ট করি। আমি আমার শিক্ষার্থীদের নিজেদের এই শব্দগুলো লেখার জন্যও উৎসাহিত করি।

চিত্র 2 একটা ভাষা-সমৃদ্ধ ক্লাসঘরের উদাহরণ

চিন্তার জন্য সাময়িক বিরতি

- মিস শ্রুতির ধারণাগুলো তাঁর শিক্ষার্থীদের ভাষা এবং সাক্ষরতা উন্নয়নে কি কি ভাবে অবদান রাখে?
- তাঁর ধারণাগুলোর কোনটা আপনি আপনার ক্লাসঘরে অন্তর্ভুক্ত করতে পারেন?

অ্যাক্টিভিটি 2: একটা লেখা-সমৃদ্ধ শ্রেণিকক্ষ তৈরি করা

আপনার ক্লাসঘরে বর্তমানে যে যে উপায়ে লেখা হচ্ছে সেগুলো লক্ষ্য করার জন্য 15 মিনিট সময় বরাদ্দ করুন:

- এটা কি আকার নেয়?
- এটা কি আপনার শিক্ষার্থীদের পক্ষে উদ্দীপনামূলক? এটা তাদের শেখার ক্ষেত্রে কীভাবে সাহায্য করে?
- এটা কতদিন অন্তর পাল্টানো হয়?
- যদি আপনার শিক্ষার্থীদের কাজ এতে অন্তর্ভুক্ত থাকে, তাহলে প্রদর্শিত নির্বাচন কতখানি অন্তর্ভুক্তিকর?

আপনার দুজন সহকর্মীর সঙ্গে কথা বলুন। তাদের ক্লাসঘরের দেওয়ালে লেখার কোন উদাহরণগুলো বিশেষভাবে উপস্থাপিত হচ্ছে?

কীভাবে আপনি আপনার ক্লাসঘরে প্রদর্শিত শিক্ষার্থীদের কাজের পরিধি বাড়াতে ও পরিবর্তিত করতে পারেন? আপনার শিক্ষার্থীদের জন্য আকর্ষণীয়, বয়সের উপযোগী পড়ার উপাদান প্রদান করতে কীভাবে আপনি কল্পনাপ্রবণ রূপে আপনার নিজস্ব লেখা ব্যবহার করতে পারেন? আপনার ক্লাসঘরের দেওয়ালে জায়গার একটা পরিকল্পনা করুন এবং কীভাবে আরও কার্যকরী রূপে আপনি এটা ব্যবহার করতে পারেন তা বিবেচনা করুন। যদি সম্ভব হয় প্রতি পনের দিন অন্তর আপনার ক্লাসঘরে প্রদর্শিত জিনিসের সাথে কিছু যুক্ত করতে বা পরিবর্তন করার অঙ্গীকার করুন। আপনার সহকর্মীদেরও একই কাজ করতে উৎসাহিত করুন। প্রায়শই একে অপরের দেওয়ালের প্রদর্শন দেখা ও তা থেকে শেখার জন্য ঘন ঘন একে অন্যের ক্লাস পরিদর্শন করুন।

3 একটা ক্লাসঘরের পড়ার স্থান

আপনার ক্লাসঘরে একটা পড়ার স্থান থাকা শিক্ষার্থীদের একটা বিশেষ জায়গা প্রদান করে যেখানে তারা বই রাখতে পারে এবং স্বাধীনভাবে সেগুলির বিষয়বস্তু অন্বেষণ করতে পারে।

একটা ক্লাসঘরের পড়ার স্থানের নকশা ও রিসোর্সের ক্ষেত্রে শিক্ষার্থীদের যুক্ত করা গুরুত্বপূর্ণ। এর মধ্যে দিয়ে তারা এটা ব্যবহার করতে চাইবে ও উন্নত করবে।

চিত্র 3 একটা ক্লাসঘরের পড়ার স্থান

কেস স্টাডি 2: একটা ক্লাসঘরের পড়ার স্থানে সম্পদ প্রদান করা

শ্রী দিলীপ রায় দার্জিলিং –এর একটা প্রাথমিক স্কুলে ক্লাস III তে পড়ান। তিনি বর্ণনা করছেন তাঁর ক্লাসঘরের পড়ার স্থানের জন্য কীভাবে তিনি কিছু বই একত্রে সংগ্রহ করেছেন।

আমি জানি অল্প বয়স থেকে হাতে বই নেওয়ার সুযোগ পাওয়া শিক্ষার্থীদের কাছে কত গুরুত্বপূর্ণ। যদিও আমার শিক্ষার্থীরা তাদের পাঠ্যবইগুলো পড়া উপভোগ করে, আমি তাদের অন্য সামগ্রী দেখতে ও পড়তে দিতে চেয়েছিলাম। অবশ্য, নতুন বই কেনার অর্থ সরবরাহ খুবই সীমিত ছিল।

আমি কিছুটা বড় শিশুদের আত্মীয় ও বন্ধুদের জিজ্ঞাসা করতে শুরু করেছিলাম যে তাঁদের বাড়িতে এমন কোনো বই আছে কি না যেগুলো তাদের শিশুদের আর প্রয়োজন নেই। আমি আমার জানা শিক্ষামূলক দাতব্য প্রতিষ্ঠানগুলির কাছে চিঠি লিখেছিলাম যদি তাঁরা কোনোভাবে সাহায্য করতে পারেন। অবশেষে, আমি কিছু বই কেনার জন্য বার্ষিক TLM (শিক্ষন শিখন সহায়ক উপকরণ) ভাতা ব্যবহার করেছিলাম।

আমি মাত্র দশটা বই নিয়ে আমার পড়ার স্থান শুরু করেছিলাম। দু বছর পরে আমি প্রায় 60টা উপন্যাস ও তথ্যভিত্তিক বইয়ের সংগ্রহ গড়ে তুলেছি, যেগুলো বিভিন্ন পর্যায়ের জন্য উপযুক্ত। আমার বিভিন্ন পত্রপত্রিকা ও খবরের কাগজের সংগ্রহও রয়েছে। স্কুলে আমি এখন এইগুলো অন্য শিক্ষকদের সঙ্গে শেয়ার করি।

অ্যাক্টিভিটি 3: আপনার ক্লাসঘরে একটা পড়ার স্থান অন্তর্ভুক্ত করা

যদি সম্ভব হয় একজন সহকর্মীর সঙ্গে কাজ করে আপনার ক্লাসঘরে পড়ার স্থানের জন্য একটা পরিকল্পনা তৈরি করুন, সমস্ত ধারণা যেগুলো মাথায় আসে সেগুলো লিখে রাখুন। নিচেরগুলো বিবেচনা করুন:

- আপনার কাছে উপযুক্ত বই ও পড়ার উপাদান সংগ্রহের কি কি উৎস আছে?
- আপনার শিক্ষার্থীরা কীভাবে উপাদানের সরবরাহে অবদান রাখতে পারে (উদাহরণস্বরূপ, নিজেরা বই তৈরির মাধ্যমে)?
- আপনার ক্লাসঘরে কোথায় আপনি একটা পড়ার স্থান করবেন?
- এটা তৈরি করতে আপনার কি প্রয়োজন (উদাহরণস্বরূপ বই রাখার জন্য বাক্স, বসার জন্য একটা মাদুর ইত্যাদি)? এই জিনিসগুলো আপনি কোথায় পেতে পারেন?
- আপনার ক্লাসঘরের কার্যকলাপের মধ্যে পড়ার স্থানের ব্যবহার আপনি কীভাবে অঙ্গীভূত করবেন?

সম্পদ 1 আপনার ক্লাসঘরে পড়ার স্থান শুরু করতে কিছু প্রয়োজনীয় ধারণা প্রদান করে।

4 শ্রেণিকক্ষ সম্পদ হিসাবে রেডিও

কেস স্টাডি 3: ভাষা এবং সাক্ষরতা উন্নয়নের জন্য রেডিওর ব্যবহার

শ্রীমতি মুকুল ওঁরাও পশ্চিম মেদিনীপুরের একটা গ্রামীণ প্রাথমিক স্কুলে একাধিক-গ্রেডের শিক্ষিকা। এখানে তিনি বর্ণনা করেন তাঁর ভাষার পাঠে সম্পদ হিসাবে কীভাবে তিনি রেডিও ব্যবহার করেন।

আমার স্কুলে প্রদত্ত পাঠ্যবই ছাড়া খুব কম সম্পদ রয়েছে। আমার অবসর সময়ে আমি অনেকক্ষণ রেডিও শুনি এবং অনেক ধরনের আকর্ষণীয় অনুষ্ঠান আবিষ্কার করেছি। আমার শিক্ষার্থীদের ভাষা পাঠ সংক্রান্ত ইনপুটের অতিরিক্ত উৎস হিসাবে আমি এখন নিয়মিতভাবে রেডিও ব্যবহার করি। এটা যেভাবে আমাকে ক্লাসঘরের বাইরের বিশ্বের সাথে তাদের পরিচিত করাতে সাহায্য করে আমি তা পছন্দ করি।

তারা যে বিষয়গুলো চর্চা করবে তার ওপর ভিত্তি করে উপযুক্ত অনুষ্ঠানগুলো চিহ্নিত করতে আমি খবরের কাগজের রেডিও অনুষ্ঠানের গাইড ব্যবহার করি। আমি সরাসরি ক্লাসঘরে অনুষ্ঠান সম্প্রচার করতাম তাই এটা নিশ্চিত করা দরকার হত যাতে সময়টা উপযুক্ত হয়, কিন্তু এখন আমার কাছে রেকর্ড করার সুবিধা সহ একটা রেডিও আছে, সুতরাং আমি আগে থেকে সেগুলো নির্বাচন করতে পারি এবং পরে চালাতে পারি।

আমি প্রায়শই আমার শিক্ষার্থীদের বিশেষভাবে তৈরি শিক্ষামূলক অনুষ্ঠানগুলি শুনতে বলি কারণ এগুলো পরিষ্কারভাবে উপস্থাপিত এবং দু-একটা সংক্ষিপ্ত কমপ্রিহেনশন (বোধশক্তিমূলক কাজ) বা অন্যান্য অ্যাক্টিভিটি এতে অন্তর্ভুক্ত থাকে। আমরা সবসময় পরে অনুষ্ঠানের বিষয়বস্তু সম্পর্কে কথাবার্তা বলি। যা বোঝা যায়নি তেমন কিছু সুস্পষ্ট করার পক্ষে এটা সহায়ক। কখনো কখনো সম্পূর্ণ ক্লাস হিসেবে আমরা এটা করি। মাঝে মাঝে আমি আমার শিক্ষার্থীদের দলে ভাগ করি এবং তাদের একসঙ্গে অনুষ্ঠান সম্বন্ধে আলোচনা করতে বলি। আমি সাধারণত এইসব আলোচনার পরে আমার অল্পবয়স্ক শিক্ষার্থীদের অনুষ্ঠানের বিষয়বস্তুর ওপর একটা সংক্ষিপ্ত পাঠ্যাংশ লিখতে বলি এবং বড় শিক্ষার্থীদের একটা দীর্ঘতর রিপোর্ট লিখতে বলি।

আমি ক্লাসঘরে গল্প, নাটক ও ধারাবাহিক নাটকও সম্প্রচারিত করি। চরিত্র, উত্থাপিত বিষয়, বা পরবর্তীতে কি ঘটতে পারে সেই সম্পর্কে আলোচনা করতে এইগুলো তাদের সাহায্য করে। আমি মাঝে মাঝে আমার শিক্ষার্থীদের তাদের নিজের ভাষায় সংলাপ লিখতে এবং সেই ভূমিকায় অভিনয় করতে বলি।

রেডিও অনুষ্ঠানগুলো যেভাবে বিভিন্ন কন্ঠস্বর, নতুন অভিব্যক্তি এবং ভাষার বিভিন্ন প্রকাশের সঙ্গে আমার শিক্ষার্থীদের পরিচিত করায় তা আমি পছন্দ করি। অনুষ্ঠান চলাকালীন আমি যেকোন সম্ভাব্য অপরিচিত শব্দ লিখে রাখি এবং পরে আমার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করি তারা সেগুলোর অর্থ জানে কি না বা তা অনুমান করতে পারে কিনা। কখনো কখনো তারা যা শুনেছে সেই ভাষার উপর মন্তব্য করে, এবং নির্দেশ করে যে উপস্থাপক একটা শব্দ নির্দিষ্টভাবে উচ্চারণ করেছেন, অথবা একটা শব্দ ব্যবহার করেছেন বা ভাব প্রকাশ করেছেন যেখানে তারা হয়তো বিকল্প কিছু ব্যবহার করত। এইসব পার্থক্যগুলোর আলোচনা ভাষার সমৃদ্ধি ও বৈচিত্র্য সম্পর্কে তাদের সচেতনতা বাড়াতে সাহায্য করে।

আমি আমার শিক্ষার্থীদের মধ্যে কোনো একজনের বাড়ির ভাষায় সম্প্রচারিত অনুষ্ঠানের একটা ছোটো অংশ নিয়েও পরীক্ষা করেছি। যারা এটা বুঝেছিল আমি তাদেরকে বলেছিলাম তাদের সহপাঠীদের ব্যাখ্যা করতে যে বক্তা কি বলেছেন। আমি তারপর তাদের বলি বক্তার ব্যবহৃত মূল দুটো বা তিনটে শব্দের পুনরাবৃত্তি করতে এবং ক্লাসের বাকিদের মুখে মুখে তা পুনরাবৃত্তি করতে আমন্ত্রণ জানাই। তারা যে শব্দগুলো জানত তাদের বাড়ির ভাষায় বোর্ডে সেগুলো লিখেছিল এবং ক্লাসের অবশিষ্টরা খাতায় সেগুলো টুকে নিয়েছিল। এই পাঠে সবাই খুবই নিবিষ্ট ছিল।

আমার শিক্ষার্থীদের জন্য, রেডিও সম্প্রচারগুলির ব্যবহার সবসময় আমার কথা শোনার সম্পূরক হিসেবে কাজ করে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- শ্রীমতি মুকুল ওঁরাও রেডিও-ভিত্তিক পাঠগুলি তাঁর শিক্ষার্থীদের ভাষা এবং সাক্ষরতা উন্নয়নের কি কি সুযোগ দিয়েছে?
- আপনি কি ক্লাসঘরে রেডিও ব্যবহার করার কোনো চ্যালেঞ্জ সম্পর্কে আগে থেকে জানেন? সেগুলোকে আপনি কীভাবে মোকাবিলা করতে পারেন?

তাদের বাড়ির ভাষাকে মূল্য দেওয়ার মাধ্যমে কীভাবে ক্লাসঘরে শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়াতে হবে - মূল সম্পদ ‘সকলকে জড়িত করা’ র মধ্যে সে বিষয়ে আরো বেশি ধারণা পাওয়া যায়, উদাহরণস্বরূপ।

ভিডিও: সকলকে জড়িত করা

অ্যাক্টিভিটি 4: আপনার ক্লাসঘরে রেডিও ব্যবহার করা

ক্লাসে ব্যবহার করার আগে ভাষা ভাষা এবং সাক্ষরতা উন্নয়নের জন্য রেডিও অনুষ্ঠানকে কাজে লাগানোর অভ্যাস করায় এটা সহায়ক হয়।

চিত্র 4 ক্লাসঘরে রেডিও শোনা

এক সপ্তাহ মত সময় নিয়ে, দুটো বা তিনটে রেডিও অনুষ্ঠান শুনুন যা আপনার শিক্ষার্থীদের জন্য উপযুক্ত হতে পারে বলে মনে করেন। আপনি সেগুলো শোনার সময়, আপনার শিক্ষার্থীরা নিচের প্রেক্ষিতে সেই সম্প্রচার থেকে কি অর্জন করুক বলে আপনি চান তা ভাবুন:

- তার বিষয়বস্তুর নানা দিক
- তাদের ভাষা এবং সাক্ষরতা উন্নয়ন।

তারপরে, ক্লাস নেওয়ার কল্পনা করুন আর তাদের সেই বিষয়ের জ্ঞান, ভাষা এবং সাক্ষরতা স্তর বিবেচনায় রেখে উচ্চস্বরে সেই সমস্ত ধরনের প্রশ্ন ও আলোচনার বিষয়গুলোর মহলা দিন, যেগুলো আপনি সম্প্রচারের পরে আপনার শিক্ষার্থীদের কাছে উত্থাপন করতে পারেন।

সম্প্রচারের পরে আপনার শিক্ষার্থীরা করতে পারে এরকম একটা বা দুটো কার্যকলাপের রূপরেখা তৈরি করুন। কথা বলা, লেখা বা উভয়ের মিশ্রণ এগুলোর অন্তর্ভুক্ত হতে পারে। কীভাবে আপনি আপনার শিক্ষার্থীদের সংগঠিত করবেন, তাদের কতক্ষণ লাগবে, এবং কীভাবে আপনি শেষে ক্লাসকে এক জায়গায় আনবেন তা চিন্তা করুন।

আপনি এই কৌশল কয়েকবার অনুশীলন করার পরে, সরাসরি সম্প্রচার করতে বা রেকর্ড করে পরের কোন তারিখে আপনার শিক্ষার্থীদের কাছে আবার চালানোর জন্য একটা উপযুক্ত অনুষ্ঠান চিহ্নিত করুন। আগে থেকে যতটা সম্ভব পাঠের পরিকল্পনা করে রাখুন। তারপর সেটা করার চেষ্টা করুন।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- পাঠটি কি আপনার প্রত্যাশা অনুসারে এগিয়েছিল?
- পরবর্তী সময়ে আপনি কোনটা অন্যভাবে করবেন?

একটা ভাষা-সমৃদ্ধ শ্রেণিকক্ষ তৈরি করতে আরও ধারণার জন্য সম্পদ 2, ‘স্থানীয় সম্পদগুলির ব্যবহার’ দেখুন।

ভিডিও: স্থানীয় সম্পদগুলির ব্যবহার

5 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনার শ্রেণিকক্ষকে আরও ভাষা-সমৃদ্ধ করতে কিছু সহজ ও লাভজনক পদ্ধতি দেখানো হয়েছে। এটা কিছু ধারণা সুপারিশ করেছে যা ক্লাসঘরে ব্যবহার করে আপনি আপনার শিক্ষার্থীদের কথা ও লেখার বিভিন্ন ধরনের উৎসের সাথে পরিচিত করা নিশ্চিত করতে পারেন। লেখা-ভিত্তিক দেওয়াল প্রদর্শনী তৈরি করা, আপনার শিক্ষার্থীদের জন্য একটা পড়ার স্থান প্রতিষ্ঠা করা এবং ক্লাসঘরে রেডিও ব্যবহার করার পরামর্শ এগুলোর অন্তর্ভুক্ত। সময়ের সাথে সাথে, পাঠ্যবই থেকে শিক্ষা উন্নত করতে এবং শিক্ষার্থীরা তাদের পরিবেশে যেসব লেখা ও কথাবার্তার সম্মুখীন হয় তাতে অংশ নিতে তাদেরকে অনুপ্রাণিত করতে, বিভিন্ন স্তরের শিক্ষার্থীদের সঙ্গে ব্যবহার করার জন্য আপনি সহজ সম্পদ ও কার্যকলাপের একটা সেট তৈরি করতে পারেন।

সম্পদসমূহ

সম্পদ 1: ক্লাসঘরের মধ্যে একটা আকর্ষণীয় পড়ার স্থান তৈরি করা

স্কুলের পাঠ্যবইয়ের সম্পূরক পড়ার উপাদান খুঁজে পাওয়া কঠিন হতে পারে, কিন্তু আপনি চাইবেন যাতে আপনার শিক্ষার্থীরা যতখানি পড়তে চাইবে যতটা সম্ভব তার ব্যবস্থা করা যায়। এখানে এমন শিক্ষকদের কাছ থেকে পাওয়া চারটি ধারণা আছে যাঁরা স্কুলে তাঁদের বইয়ের স্থান ও লাইব্রেরী গড়ে তুলছেন:

- রঙিন ম্যাগাজিন থেকে উপযুক্ত পড়ার জিনিস কেটে নিন এবং সেগুলো বইয়ের মধ্যে বা চার্টে সেঁটে দিন
- যথাযথ ক্ষেত্রে অভিভাবক, সমাজের মানুষজন বা স্কুলের দর্শনার্থীদেরকে ম্যাগাজিন ও বই দানের জন্য অনুরোধ জানান
- ‘রুম টু রিড’, ‘প্রথম’, এই ধরনের NGOগুলোর সঙ্গে যোগাযোগ করুন এবং বই দানের জন্য অনুরোধ জানান
- বই কেনার জন্য আপনার TLM ভাতা ব্যবহার করুন।

এখন ভাবুন আপনি কীভাবে একটা উদ্দীপনামূলক পড়ার পরিবেশ তৈরি করতে পারেন। এখানে আপনার শুরু করার মত কিছু ধারণা আছে:

পড়ার সম্পদ সংগ্রহ করা

যতখানি সম্ভব পড়ার উপাদান সংগ্রহ করুন যাতে আপনার সংগ্রহ পরিবর্তিত হয় এবং ধীরে ধীরে বৃদ্ধি পায়। আপনার সংগ্রহ যাতে বিভিন্ন স্তরের পঠনক্ষমতার শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় হতে পারে তা নিশ্চিত করুন। উপলব্ধ বইয়ের মধ্যে বিভিন্ন ঘরানার বই রাখুন, যেমন:

- গল্পের বই
- খেলাধুলা, প্রকৃতি, জিনিস তৈরি ইত্যাদির উপর তথ্যমূলক বই।
- অভিধান ও অ্যাটলাস
- কবিতা
- হাসির ও ধাঁধার বই
- সম্ভব হলে, আপনার শিক্ষার্থীদের বাড়ির ভাষায় বই।

সংগ্রহের যুক্ত করার জন্য খবরের কাগজ, পত্রপত্রিকা এবং কমিক্স জোগাড় করুন। আপনার শিক্ষার্থীদের কম্যুনিটি থেকে উপযুক্ত পড়ার উপাদান খুঁজতে উৎসাহিত করুন।

বই তৈরি করা

আপনার শিক্ষার্থীরা তাদের নিজস্ব কবিতা বা ছোটো গল্প দিয়ে একটা বই তৈরি করতে পারে। তারা একটা ছোটো নাটক লিখতে পারে বা তাদের পাঠের ক্ষেত্রে আলোকপাত করা হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে একটা বই তৈরি করতে পারে। অন্যরা যাতে পড়তে আগ্রহী হয়, তার জন্য তারা তাদের বইয়ের প্রচ্ছদের নকশা করতে পারে।

বিশেষ প্রদর্শন

একটা থিমযুক্ত প্রদর্শন হলে, উদাহরণস্বরূপ জল বা পরিবহন, কৌতূহল সৃষ্টি করে ও আলোচনায় উৎসাহ দেয় এবং শিক্ষার্থীদের নিজে নিজে তথ্য খুঁজে পেতে উৎসাহিত করার জন্য এটা ভাল উপায়। বই প্রদর্শনীর সম্পূরক হিসেবে দেওয়ালের পোস্টার, ছবি এবং ফটো ব্যবহার করা যেতে পারে। আপনার শিক্ষার্থীদের আগ্রহ বজায় রাখতে, মাঝে মাঝেই দেওয়াল প্রদর্শনীতে ভিন্নতা আনার চেষ্টা করুন এবং তাদের নিজেদের তৈরি করা উপাদানগুলো অন্তর্ভুক্ত করুন।

আপনি যদি আপনার কাছে উপলব্ধ পড়ার উপাদানগুলো সম্পর্কে ভালভাবে জানেন, আপনার শিক্ষার্থীরা যে তথ্যগুলো চাইছে সেগুলো পেতে তাদের গাইড করতে পারবেন।

একটা পড়ার স্থান তৈরি করা

একটা পড়ার এলাকা বা স্থান তৈরি করতে আপনার ক্লাসঘরে বা স্কুলে একটা জায়গা চিহ্নিত করুন। একটা বড় সাইন লাগান যাতে এর উদ্দেশ্য স্পষ্ট হয়। আপনার শিক্ষার্থীদের পড়ার জন্য একটা আকর্ষণীয় ও আরামদায়ক জায়গা তৈরি করুন। পারলে নিচে একটা মাদুর পাতুন বা চেয়ার রাখুন।

লাইব্রেরীয়ান হিসাবে দেখাশোনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে এগিয়ে আসতে অনুরোধ জানান এবং সংগৃহীত উপাদানের জন্য একটা রেকর্ড রাখুন। তাকের ওপর বা বাক্সে, পড়ার উপাদানগুলো যাতে প্রতিদিন প্রদর্শিত হয় তা নিশ্চিত করুন যাতে শিক্ষার্থীরা সেগুলো সহজে পেতে পারে। নিয়মিতভাবে সেগুলোকে বের করা ও গুছিয়ে রাখার জন্য বিভিন্ন শিক্ষার্থীদের আমন্ত্রণ জানান। ক্ষতিগ্রস্ত বা জীর্ণ যেকোনো বই ঠিক করার জন্য আপনার শিক্ষার্থীদের উৎসাহিত করুন। আপনার শিক্ষার্থীরা যত বেশি যুক্ত হবে, তারা তত বেশি এই স্থান ও এর পড়ার কার্যক্রমের ব্যাপারে দায়িত্বশীল হবে।

সম্পদ 2: স্থানীয় সম্পদগুলি ব্যবহার করা

শেখার ক্ষেত্রে শিক্ষার পাঠ্যবই ছাড়া অনেক উপকরণই ব্যবহার করা যেতে পারে। আপনি যদি এমন শেখার পদ্ধতি প্রদান করেন যা বিভিন্ন ইন্দ্রিয় (দর্শন, শ্রবণ, স্পর্শ, গন্ধ, স্বাদ) ব্যবহার করে, তাহলে আপনি শিক্ষার্থীরা যে বিভিন্ন উপায়ে শেখে সেগুলিকে প্রভাবিত করতে পারবেন। আপনার চারপাশে বহু সম্পদ ছড়িয়ে আছে যা আপনি আপনার শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারেন এবং যা শিক্ষার্থীদের শেখায় সহায়তা করতে পারে। যেকোনো বিদ্যালয় স্বল্প ব্যয়ে অথবা বিনা ব্যয়ে নিজস্ব শেখার সম্পদ প্রস্তুত করতে পারে।এই উপাদানগুলি স্থানীয় ভিত্তিতে সংগ্রহ করলে, আপনার শিক্ষার্থীদের জীবন ও পাঠক্রমের মধ্যে একটা যোগসূত্র স্থাপিত হয়।

আপনার আশেপাশে আপনি এমন মানুষ খুঁজে পাবেন যাদের বিভিন্ন ধরণের বিষয়ে দক্ষতা আছে; আপনি প্রাকৃতিক সম্পদেরও বিস্তৃত ভাণ্ডার খুঁজে পাবেন। এটি আপনাকে স্থানীয় সম্প্রদায়ের সঙ্গে যোগসূত্র স্থাপন করতে সাহায্য করবে, এটির মূল্য প্রদর্শন করতে, শিক্ষার্থীদের তাদের পরিবেশের সমৃদ্ধি এবং বৈচিত্র্য অনুভব করতে উদ্দীপ্ত করবে, এবং হয়ত সর্বাধিক গুরুত্বপূর্ণ ভাবে, শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গির অভিমুখে কাজ করবে – যেটি হল বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে শেখা।

আপনার শ্রেণিকক্ষের সর্বাধিক ব্যবহার

মানুষ নিজের গৃহ যতদূর সম্ভব আকর্ষণীয় করে তুলতে কঠিন পরিশ্রম করে। যে পরিবেশে আপনার শিক্ষার্থীরা শিখবে বলে আপনি প্রত্যাশা করেন, সেই সম্পর্কে চিন্তাভাবনা করা গুরুত্বপূর্ণ। শেখার জন্যে একটি আকর্ষণীয় স্থান হিসাবে আপনার শ্রেণিকক্ষ ও বিদ্যালয়কে গড়ে তুলতে আপনি যা কিছু করতে পারেন, শিক্ষার্থীদের উপর সেটির একটি ইতিবাচক প্রভাব থাকবে। শিক্ষার্থীদের কাছে শ্রেণিকক্ষকে মনমুগ্ধ ও আকর্ষণীয় স্থান হিসাবে গড়ে তুলতে আপনি অনেক কিছু করতে পারেন, যেমন ধরুন, আপনি:

- পুরানো পত্রিকা ও বিবরণ সম্বলিত পুস্তিকা থেকে পোস্টার বানাতে পারেন
- চলতি বিষয় সম্পর্কিত জিনিষপত্র ও হস্তনির্মিত বস্তু আনতে পারেন
- আপনার শিক্ষার্থীদের হাতের কাজ প্রদর্শন করতে পারেন
- শ্রেণিকক্ষে প্রদর্শিত বস্তুগুলি অদলবদল করতে পারেন যাতে শিক্ষার্থীদের কৌতূহল ও দ্রুত নতুন জিনিষ শেখার প্রেরণা বজায় থাকে।

আপনার শ্রেণিকক্ষে স্থানীয় দক্ষ ব্যক্তিদের ব্যবহার করতে পারেন

আপনি যদি গণিতে টাকা বা পরিমাণ নিয়ে কাজ করেন, তবে আপনি আপনার শ্রেণিকক্ষে, বাজারের ব্যবসায়ী বা বস্ত্র প্রস্তুতকারী ব্যক্তিদের, তাঁদের কাজে তারা কীভাবে গণিত ব্যবহার করেন তা ব্যাখ্যা করার জন্য আমন্ত্রণ জানাতে পারেন। বিকল্পরূপে, কলাবিদ্যায় আপনি যদি নকশা ও আকৃতি নিয়ে কাজ করেন, তাহলে বিভিন্ন ধরণের আকার, নকশা ও তাদের ঐতিহ্য ও কলাকৌশল ব্যাখ্যা করতে আপনি মেহেন্দি [বিয়ের হেনা] শিল্পীদের বিদ্যালয়ে আমন্ত্রণ জানাতে পারেন। অতিথি আমন্ত্রণ করা সবচেয়ে কার্যকারী হয় যখন শিক্ষামূলক লক্ষ্যের সাথে এর যোগসূত্র ও সময় সম্পর্কে প্রত্যাশা সবার কাছে পরিষ্কার থাকে।

আপনার বিদ্যালয় দলের মধ্যেও কোন দক্ষ ব্যক্তি থাকতে পারেন (যেমন রাঁধুনি বা তত্ত্বাবধায়ক) শিক্ষার্থীরা যাদের শিক্ষা সম্পর্কিত বিষয় জিজ্ঞাসাবাদ করবে বা তাকে অনুসরণ করবে, যেমন ধরুন, রান্নায় ব্যবহৃত পরিমাণসমূহ জানা, বা আবহাওয়ার অবস্থা, বিদ্যালয় প্রাঙ্গণ ও দালানবাড়িকে কীভাবে প্রভাবিত করে।

বাইরের পরিবেশ ব্যবহার করা

আপনার শ্রেণিকক্ষের বাইরে সম্পদের বিপুল ভাণ্ডার আছে যা আপনি আপনার পাঠের ক্ষেত্রে ব্যবহার করতে পারেন। আপনি (অথবা আপনার শ্রেণিকে সংগ্রহ করতে বলতে পারেন) পাতা, মাকড়সা, লতাপাতা, পোকামাকড়, পাথর বা কাঠ সংগ্রহ করতে পারেন। শ্রেণিকক্ষে এইসব সম্পদ নিয়ে এলে সেগুলি আকর্ষণীয় প্রদর্শনী হতে পারে যেগুলি পাঠ্য বিষয়ের ক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে। আলোচনা বা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য তারা কোন সামগ্রী দিতে পারে যেমন, শ্রেণিভুক্ত করার একটি অ্যাক্টিভিটি, বা জীবন্ত বা জীবন্ত নয়- এমন বস্তু। বাসের সময়সারণী বা বিজ্ঞাপনের মত সহজলভ্য ও স্থানীয় সম্প্রদায়ের জন্য প্রাসঙ্গিক সম্পদও আছে – এগুলিকে শিক্ষার উপকরণে পরিণত করা যায়- শব্দ সনাক্তকরণ, মানের তুলনামূলক বিচার বা যাতায়াতের সময় গণনা করার মত কাজ নির্দিষ্ট করে।

বাইরে থেকে শ্রেণিকক্ষে জিনিষ আনা যেতে পারে - তবে বাইরের জগতেও শ্রেণিকক্ষকে প্রসারিত করা যেতে পারে। বাইরের জগতে নড়াচড়ার জন্য বেশী জায়গা আছে এবং এতে সব শিক্ষার্থী আরো সহজে দেখতে পায়। আপনি যখন আপনার শ্রেণিকে শেখাবার জন্যে বাইরে নিয়ে যাবেন, ওরা তখন নানারকম অ্যাক্টিভিটি করতে পারে, যেমন:

- দূরত্ব অনুমান করা এবং মাপা

- কেন্দ্রবিন্দু থেকে বৃত্তের উপর প্রতিটি বিন্দু একই দূরত্বে অবস্থিত – এটা প্রদর্শন করা
- দিনের বিভিন্ন সময়ে ছায়ার দৈর্ঘ্য রেকর্ড করা
- চিহ্ন ও নির্দেশাবলী পড়া
- সাক্ষাৎকার ও সমীক্ষা করা
- সৌরশক্তিতে চালিত প্যানেল খুঁজে বার করা
- শস্যের বেড়ে ওঠা ও বৃষ্টিপাত-নিরীক্ষণ করা।

বাইরে, শিক্ষার্থীদের শেখা বাস্তব ও নিজেদের অভিজ্ঞতার ভিত্তিতে হয়, এবং হয়ত অন্য পরিস্থিতিতে বেশী সহজে স্থানান্তরিত করা যায়।

যদি আপনার বাইরের কাজে বিদ্যালয় প্রাঙ্গণ ছেড়ে বেরিয়ে যেতে হয়, তাহলে যাবার আগে আপনাকে বিদ্যালয় নেতৃত্বের অনুমতি নিতে হবে, সময় পরিকল্পনা করতে হবে, নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা করতে হবে, নিয়মকানুনগুলো শিক্ষার্থীদের পরিষ্কার বুঝিয়ে দিতে হবে। আপনি বেরোনোর আগে আপনি ও আপনার শিক্ষার্থীদের পরিষ্কার ভাবে বোঝা দরকার কী শেখা হবে।

সম্পদগুলি প্রয়োজন মতো পরিবর্তিত করা

আপনি বিদ্যমান সম্পদগুলি আপনার শিক্ষার্থীদের জন্য আরও উপযোগী করার জন্য পরিবর্তন করতে চাইতে পারেন। এই পরিবর্তনগুলি হয়ত সামান্য তবে তার প্রভাব খুব বেশী হতে পারে, বিশেষত আপনি যদি আপনার শ্রেণির সব শিক্ষার্থীর কাছে শেখাটা প্রাসঙ্গিক করতে চান। যেমন ধরুন, আপনি হয়ত জায়গা ও লোকের নাম বদলে দিতে পারেন, যদি সেগুলো অন্য প্রদেশের হয়, অথবা, গানে একটি মানুষের লিঙ্গ বদলে দিতে পারেন, বা একটি গল্পে প্রতিবন্ধী একটি শিশুকে ঢোকাতে পারেন। আপনার শ্রেণির শিক্ষার্থী ও তাদের শেখা অনুযায়ী সম্পদগুলো এইভাবে আপনি আরো অন্তর্ভুক্তি মূলক এবং উপযুক্ত করে নিতে পারেন।

সম্পদশালী হতে সহকর্মীদের সাথে কাজ করুন: আপনাদের মধ্যে সম্পদ গড়ে তোলা ও তা প্রয়োজন অনুযায়ী পরিবর্তিত করার বিভিন্ন ধরণের দক্ষতা রয়েছে। একজন সহকর্মীর সঙ্গীতবিদ্যায় দক্ষতা থাকতে পারে, আবার আরেকজনের থাকতে পারে পুতুল বানানো বা বহির্জগতের বিজ্ঞান সংগঠিত করার বিষয়ে। আপনি শ্রেণিকক্ষে ব্যবহৃত সম্পদগুলি আপনার সহকর্মীদের সাথে ভাগ করে নিতে পারেন যা আপনাদের বিদ্যালয়ের সর্বক্ষেত্রে শিখন উপযোগী পরিবেশ গড়ে তুলতে সাহায্য করবে।

অতিরিক্ত সম্পদসমূহ

- NCERT's Department of Education in Languages (look under 'Activities' and 'Publications', in particular): http://www.ncert.nic.in/departments/nie/del/index_dl.html
- Room to Read, India: http://www.roomtoread.org/india
- TeachingEnglish Radio India: http://www.britishcouncil.in/teach/teachingenglish-radio-india

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Austin, R. (ed.) (2009) *Letting the Outside In*. London: Trentham Books.

Bridges, L. (1995) *Creating Your Classroom Community*. Portland, ME: Stenhouse Publishers.

Department for Education and Skills (2006) *Learning Outside the Classroom: Manifesto*. London: DfES Publications. Available from: http://www.lotc.org.uk/wp-content/uploads/2011/03/G1.-LOtC-Manifesto.pdf (accessed 28 October 2014).

Gregory, M. (undated) 'Creating a classroom library' (online), Reading Rockets. Available from : http://www.readingrockets.org/article/creating-classroom-library (accessed 28 October 2014).

National Curriculum Framework 2005 – A Study Guide (2006) 'Position papers by focus: NCF 2005' (online). Available from: http://ncf2005.blogspot.co.uk/2009/07/position-papers-by-focus-groups-ncf.html (accessed 28 October 2014).

Webster, L. and Reed, S. (2012) *The Creative Classroom*. London: Collins.

আমার বই Class I, II West Bengal Board of Primary Education.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1 [Figure 1] : http://www.scillytoday.com/2012/08/09/islanders-return-from-doe-trip-to-india/india-street-scene/

চিত্র 4 [Figure 4]: https://www.flickr.com/photos/jordibernabeu/15155376815/

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।